

## ফুডি অ্যাপে ৪০ শতাংশ ছাড়ে ডোমিনোজ পিংজা

- A Monitor Desk Report

Date: 16 January, 2025



**ঢাকাঃ** বাংলাদেশের জনপ্রিয় ফুডি অ্যাপ এবার ডোমিনোজ পিংজার সাথে নতুন এক অংশীদারিত্বে যুক্ত হয়েছে। এই সহযোগিতার মাধ্যমে দেশের গ্রাহকদের জন্য পিংজা ডেলিভারি হবে আরও সহজ এবং সুবিধাজনক।

আজ বৃহস্পতিবার (১৬ জানুয়ারি) মহাখালির প্যারাগন হাউজে ফুডি এবং ডোমিনোজের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়, যেখানে ফুডির পক্ষ থেকে উপস্থিত ছিলেনঃ মোঃ শাহনেওয়াজ মান্নান, চিফ অপারেটিং অফিসার, মশরুর হাসান মিম, চিফ মার্কেটিং অফিসার, সৈয়দ সাজিবুর রহমান, ডেপুটি ম্যানেজার, নওয়াজিশ আলম, সিনিয়র এক্সিকিউটিভ ডোমিনোজের পক্ষ থেকে উপস্থিত ছিলেন আহমেদ শোয়েব ইকবাল, চিফ অপারেটিং অফিসার, আবু ওবায়দা ইমন, কান্ডি হেড অফ মার্কেটিং, তানজিনা অল্টার, হেড অফ মার্কেটিং, মোহাম্মদ হোসেন বাবু, অ্যাসস্ট্যান্ট ম্যানেজার, ই-কমার্স ও ব্র্যান্ড পার্টনারশিপ।

এই পার্টনারশীপের মাধ্যমে ফুডি এখন ডোমিনোজের পিংজা তাদের অ্যাপে ডেলিভারি করতে পারবে। এই সফল পার্টনারশীপের জন্য ফুডি ব্যবহারকারীরা আজ ১৬ জানুয়ারী থেকে ২৪ জানুয়ারি পর্যন্ত ডোমিনোজের পিংজার সকল অর্ডারের উপর পেয়ে যাবেন ৪০ শতাংশ ছাড়, যা ২০০ টাকা পর্যন্ত।

জুবিল্যান্ট ফুডওয়ার্কসের চিফ অপারেটিং অফিসার আহমেদ শোয়েব ইকবাল বলেন, “এই পার্টনারশীপ আমাদের জন্য একটি বিশাল সম্ভাবনার দ্বার খুলে দিয়েছে। আমাদের লক্ষ্য হল গ্রাহকদের অসাধারণ পিংজা অভিজ্ঞতা প্রদান করা, এবং ফুডির সঙ্গে পার্টনারশীপের মাধ্যমে আমরা এখন সহজেই আমাদের লক্ষ্য পূরণে সক্ষম হব।

ফুডির চিফ অপারেটিং অফিসার মোঃ শাহনেওয়াজ মান্নান বলেন, “আমরা ডোমিনোজ এর সঙ্গে চুক্তি করতে পেরে অত্যন্ত আনন্দিত। এই পার্টনারশীপ বাংলাদেশের ডেলিভারি ব্যবস্থায় নতুন মাত্রা যোগ করবে। এই সাইনিং অনুষ্ঠানটি বাংলাদেশের খাবার ডেলিভারি ইন্ডাস্ট্রিতে নতুন সম্ভাবনা সৃষ্টি করবে।

